



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩.৮৫

তারিখ: ১৩ মার্চ, ২০২৪ খ্রিঃ

এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৪ এর ব্যবহারিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

কিছু কিছু কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে মূল লক্ষ্য উদ্দেশ্য হতে বিচ্যুত হয়ে দায়িত্বহীনতার পরিচয় দিয়ে চলছেন। এতে কারিগরি শিক্ষা ব্যবস্থা সম্পর্কে বিরূপ প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবহারিক পরীক্ষা আকস্মিক পরিদর্শন করার ব্যবস্থা গ্রহণ করেছেন।

ব্যবহারিক পরীক্ষা পরিদর্শনের ধারাবাহিকতায় এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৪ এর ব্যবহারিক পরীক্ষা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আগামী ১৩ মার্চ ২০২৪ হতে ২১ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে অনুষ্ঠিতব্য ব্যবহারিক পরীক্ষার কেন্দ্রসমূহ অফিস চলাকালীন সময়ে সরেজমিনে পরিদর্শন করবেন বিধায় উক্ত তারিখের মধ্যে আবশ্যিকভাবে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা/-

(মোঃ কেপায়েত উল্লাহ)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

প্রাপক

কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল কেন্দ্র।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩.৮৫(৯)

তারিখ: ১৩ মার্চ, ২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
- ৩) মহা-পরিচালক, মধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আবদুল গনি সড়ক, ঢাকা।
- ৪) মহা-পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
- ৫) মহা-পরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৬) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৭) সিস্টেম এনালিস্ট-১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
- ৯) সংশ্লিষ্ট নথি।

Abbari

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)

ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)